



ট্রাম্প দম্পতির সঙ্গে ছবিতে প্রধান উপদেষ্টা ও তার মেয়ে



সংগৃহীত ছবি

জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশন উপলক্ষে আয়োজিত নৈশভোজে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস ও তার মেয়ে দিনা ইউনূস অংশ নেন। সেখানে তারা যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও ফার্স্টলেডি মেলানিয়া ট্রাম্পের সঙ্গে ছবি তোলেন। অনুষ্ঠানে ট্রাম্পকে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানান ড. ইউনূস। জাতিসংঘের ৮০তম সাধারণ পরিষদের অধিবেশন উপলক্ষে নিউইয়র্কে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের আয়োজিত নৈশভোজে যোগ দেন বাংলাদেশের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। মঙ্গলবার অনুষ্ঠিত ওই সংবর্ধনা অনুষ্ঠানে বিশ্বনেতাদের সঙ্গে উপস্থিত ছিলেন তিনি।

শনিবার (২৭ সেপ্টেম্বর) প্রধান উপদেষ্টার প্রেস উইং এক ছবিসহ বার্তা প্রকাশ করে। ছবিতে দেখা যায়, ড. ইউনূস ও তার মেয়ে দিনা ইউনূসের সঙ্গে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এবং ফার্স্টলেডি মেলানিয়া ট্রাম্প হাস্যোজ্জ্বলভাবে পোজ দিয়েছেন।

প্রেস উইংয়ের পাঠানো তথ্য অনুযায়ী, অভ্যর্থনা অনুষ্ঠানে ড. ইউনূস প্রেসিডেন্ট ট্রাম্পকে শুভেচ্ছা জানান এবং সুবিধাজনক সময়ে বাংলাদেশ সফরে আসার আমন্ত্রণ জানান।